

সজনি সজনি রাধিকা লো, দেখ অবহঁ চাহিয়া
মৃদুলগমন শ্যাম আওয়ে মৃদুল গান গাহিয়া ॥
পিনহ ঝাটিত কুসুমহার, পিনহ নীল আঙিয়া ।
সুন্দরি সিন্দুর দেকে সীঁথি করহ রাঙিয়া ॥
সহচরি সব নাচ নাচ মিলনগীত গাও রে,
চঞ্চল মঞ্জীররাব কুঞ্জগগন ছাও রে ।
সজনি, অব উজার মঁদির কনকদীপ জ্বালিয়া,
সুরভি করহ কুঞ্জভবন গন্ধসলিল ঢালিয়া ॥
মল্লিকা চমেলি বেলি কুসুম তুলহ বালিকা
গাঁথ যুথি, গাঁথ জাতি, গাঁথ বকুলমালিকা ।
তৃষিতনয়ন ভানুসিংহ কুঞ্জপথম চাহিয়া-
মৃদুলগমন শ্যাম আওয়ে মৃদুল গান গাহিয়া ॥